# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড


২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

**website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576


নং-বামাশিবো/প্রশা/কক্সবাজার-৩৫/১৭৫ তারিখ: ২৮ কার্তিক ১৪৩২ / ১৩ নভেম্বর ২০২৫

বিষয় : আলী আকবর ডেইল দাখিল মাদ্রাসার সিনিয়র শিক্ষক জনাব নেছার উদ্দিন এর ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব পালন।

সূত্র: : ১। নং বামাশিবো/প্রশা/২৩১২৫১০৬৩২৮১/১০৫৮৮৪/নথি নং - তারিখ ২১-০৪-২০২৫ খ্রিঃ

২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুতুবদিয়া, কক্সবাজার এর স্মারক নং-০৫.২০.২২৪৫.০০০.৯৯.০০৮.২০২২-১৬৫ তারিখ: ২৭ অক্টোবর ২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কক্সবাজার জেলার কুতুবদিয়া উপজেলাধীন আলী আকবর ডেইল দাখিল মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার এর আবেদনের প্রেক্ষিতে সভাপতি মনোনয়নসহ এডহক কমিটি অনুমোদন সূত্রোক্ত ১ নং স্মারকে দেয়া হয়। অনুমোদিত কমিটির বিষয়ে জনাব নেছার উদ্দীন ২৩৩২৫১০৬৩২৮২ নং আইডিতে ২০২৫-০৭-২৪ তারিখে মাদ্রাসা সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে নায্যতা ও জ্যেষ্ঠতার ভিত্তিতে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদানের বিষয়ে একটি অভিযোগ দায়ের করেন। অপরদিকে, জনাব নুরুল আবছার ২৩৩২৫১০৬৩২৮১ নং আইডিতে ২০২৫-০৭-২৩ তারিখে ম্যানেজিং কমিটির নির্বাচনে সদস্য নির্বাচিত হওয়ার পরেও কমিটি গঠন ও সভাপতি নির্বাচন না করার প্রতিকার চেয়ে আরও একটি অভেযোগ দাখিল করেন। ০২ (দুই) টি অভিযোগের সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া, কক্সবাজার কে পত্র দেয়া হলে সূত্রোক্ত ২ নং স্মারকে তদন্ত প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদনে উল্লেখ করেন, মাদ্রাসার সিনিয়র শিক্ষক জনাব নেছার উদ্দিনকে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদান করে নবনির্বাচিত কমিটির সদস্য সমন্বয়ে সভা আহবানের মাধ্যমে নিয়মিত কমিটি গঠনের অনুমতি প্রদানের জন্য সুপারিশ করেন।

এমতাবস্থায়, মাদ্রাসার সিনিয়র শিক্ষক জনাব নেছার উদ্দিনকে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদান করা হলো। প্রতিষ্ঠান পরিচালনার স্বার্থে তার মাধ্যমে নিয়মিত কমিটি গঠন করার লক্ষ্যে এডহক কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৩.১১.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

সুপার (ভারপ্রাপ্ত), আলী আকবর ডেইল দাখিল মাদ্রাসা
কুতুবদিয়া, কক্সবাজার

নং-বামাশিবো/প্রশা/কক্সবাজার-৩৫/১৭৫ তারিখ: ২৮ কার্তিক ১৪৩২ / ১৩ নভেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, কক্সবাজার;
২. জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার;
৩. উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া, কক্সবাজার;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুতুবদিয়া, কক্সবাজার;
৫. জনাব নেছার উদ্দিন, ভারপ্রাপ্ত সুপার, আলী আকবর ডেইল দাখিল মাদ্রাসা, কুতুবদিয়া, কক্সবাজার;
৬. জনাব নুরুল আবছার (অভিযোগকারী), পূর্ব আলী আকবর ডেইল, কুতুবদিয়া, কক্সবাজার;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

১৩/১১/২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd